

এন আর সি পরীক্ষণকারী আধিকারীক/এন এস কেতে অতিরিক্ত নথিপত্র এবং পরিবারের বংশলতিকা ফর্ম জমা দেওয়ার অন্তিম তারিখ ৩১ মার্চ, ২০১৬ পর্যন্ত বাঢ়ানো হয়েছে



এর পর কোন নথিপত্র গ্রহণ করা হবে না

আবেদনকারীদের দ্বারা ৩১ মার্চ, ২০১৬ পর্যন্ত জমা দেওয়া নথিপত্রের উপর ভিত্তি করে
আবেদনকারীদের নাম এন আর সিতে অন্তর্ভুক্ত বা বাতিল করার যোগ্যতা নিরূপণ করা হবে

নিম্নলিখিত কারণসমূহের জন্য আবেদনকারীদের অতিরিক্ত নথিপত্র জমা দিতে হবে :

- যদি কোন আবেদনকারী কোন কারণবশতঃ আবেদনপত্র জমা দেওয়ার সময় কোন প্রয়োজনীয় নথিপত্র দাখিল করেন নি।
- যদি কোন আবেদনকারী ভুলবশতঃ নিজের লিগেসি ব্যক্তির সংগে একই নামের অন্য ব্যক্তির লিগেসি ডাটা আবেদনপত্রের সংগে জমা দিয়েছিলেন সেক্ষেত্রে শুদ্ধ লিগেসি ডাটা প্লিপ অতিরিক্ত নথিপত্র হিসেবে জমা দিতে পারবেন।
- যদি কোন আবেদনকারী আবেদনপত্রের সংগে জমা দেওয়া নথিপত্র ছাড়াও অন্য কোন অতিরিক্ত নথি জমা দিতে চান যা এন আর সিতে নাম অন্তর্ভুক্তিতে সহায়ক হবে।
- যদি কোন আবেদনকারী আবেদনপত্রের সংগে জমা দেওয়া নথিপত্র অস্পষ্ট/পড়তে না পারা যায় সেক্ষেত্রে পরীক্ষণকারী দল সেই নথির স্পষ্ট প্রতিলিপি চাইতে পারে যাতে সেই নথি গ্রহণযোগ্য হয়।
- যদি কোন আবেদনকারী এন আর সিতে অন্তর্ভুক্তির জন্য যোগ্যতা সম্পর্কীয় সম্পূর্ণ নথিপত্র জমা না দিয়ে থাকেন সেক্ষেত্রে পরীক্ষণকারী দল এন আর সিতে অন্তর্ভুক্তির জন্য প্রয়োজনীয় নথিপত্র চাইতে পারেন।

বংশলতিকা ফর্ম জমা দেওয়ার সময় মনে রাখবেন :

- বংশলতিকা হল একটি পরিবারের বিভিন্ন প্রজন্মের ব্যক্তিবিশেষের পূর্বপুরুষ, মা-বাবা, কাকা-কাকীমা, ভাই-বোন এবং সম্বন্ধীয় ভাই-বোনের নাম সমৃদ্ধ তথ্য।
- পরীক্ষণকারীর দল বাড়ী বাড়ী গিয়ে পরীক্ষণ করার সময় এই বংশলতিকা ফর্ম সংগ্রহ করেছিলেন। যদি কোন পরিবার এখনও পর্যাপ্ত বংশলতিকা ফর্ম পরীক্ষণকারী দলকে জমা না দিয়ে থাকেন, সেক্ষেত্রে তাদেরকে শীঘ্রই নিদ্বারিত এন আর সি সেবা কেন্দ্রে জমা দিতে অনুরোধ জানানো হল।
- নিদ্বারিত সেবা কেন্দ্র হল সেই কেন্দ্র যেখানে আবেদনকারী এনআরসি আবেদনপত্র জমা দিয়েছিলেন। অনলাইনে আবেদনপত্র জমা দেওয়ার ক্ষেত্রে আবেদনকারীর আমাদের ওয়েবসাইট (হোমপেজে থাকা “Know your NSK” দেখুন) থেকে নিজের নিদ্বারিত এনআরসি সেবা কেন্দ্রটির বিষয়ে জানতে পারবেন।
- এটা মনে রাখবেন যে বংশলতিকা ফর্ম অনলাইনযোগে জমা দেওয়ার কোন ব্যবস্থা নেই। বংশলতিকা ফর্ম শুধু বাড়ী বাড়ী যাওয়া পরীক্ষণকারী দলের হাতে বা এন আর সি সেবা কেন্দ্রেই জমা দিতে হবে।
- জনগণ বংশলতিকা ফর্ম যে কোন এন আর সি সেবা কেন্দ্র থেকে সংগ্রহ করতে পারবেন বা আমাদের ওয়েবসাইট থেকে ডাউনলোড করতে পারবেন।

অতিরিক্ত নথিপত্র এবং বংশলতিকা ফর্ম
৩১ মার্চ, ২০১৬ র আগে পরীক্ষণকারী দলের
সদস্যের হাতে বা নিদ্বারিত এনআরসি
সেবা কেন্দ্রে জমা দিতে হবে

অনলাইনযোগে আবেদনকারীগণ “KNOW YOUR
APPLICATION RECEIPT NUMBER (ARN)” এর
সুবিধার বিষয় জানতে মনে রাখবেন :

অনলাইনযোগে আবেদন করা আবেদনকারী যদি তাদের আবেদনপত্র
রিসিপ্ট নম্বর (এ আর এন) হারিয়েছেন তাহলে তারা আমাদের
বিনামূল্যের হেল্পলাইন নম্বর 15107 (অসমের মধ্যে) বা 18003453762
(অসমের বাইরে থেকে)এ ফোন করে তাদের এ আর এন নম্বর জেনে
নিতে পারবেন। এর জন্য আবেদনকারীদের নিম্নলিখিত যে কোন একটি
তথ্য দিতে হবে :

পরিবারের মুরব্বীর নাম

বা

অনলাইনে আবেদনপত্র জমা দেওয়ার সময় পঞ্জীকৃত করা ফোন নম্বর।

নিরপেক্ষ পরীক্ষণ প্রক্রিয়ার দ্বারা একটি শুদ্ধ রাষ্ট্রীয় নাগরিকপঞ্জী প্রকাশ করতে আমরা দায়বদ্ধ।

তাই বংশলতিকার ফর্ম সব আবেদনকারীর জন্য প্রয়োজনীয়।

এতদ্বারা আমরা নিশ্চিত করছি যে, উন্নীতকৃত রাষ্ট্রীয় নাগরিকপঞ্জীতে কোন বিদেশী নাম অন্তর্ভুক্ত হবে না এবং কোন প্রকৃত ভারতীয় নাম বাদও পরবে না।

বিশদ জানতে এবং
সহায়তার জন্য

আমাদের বিনামূল্যের হেল্পলাইন নম্বর
15107 (অসমের জন্য) 18003453762 (অসমের বাইরের জন্য)

আমাদের ওয়েবসাইট
www.nrcassam.nic.in

রাজ্যিক সমন্বয়ক, রাষ্ট্রীয় নাগরিকপঞ্জীয়ন, অসম
দ্বারা জনহিতার্থে প্রচারিত।

f nrcassam @NRCupdateAssam এ আমাদের অনুসরণ করুন